কঠোর নিরাপত্তায় বিমানবন্দর থেকে রূপপুরে ইউরেনিয়াম



ছবি: সংগৃহীত

কঠোর নিরাপত্তার মধ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে নেওয়া হচ্ছে ইউরেনিয়াম। প্রথম ইউনিটের জন্য আসা জ্বালানি তিনটি লরিতে করে সেনাবাহিনীর নিরাপত্তায় রূপপুরের উদ্দেশে রওনা হয়েছে।

শনিবার (৩ অক্টোবর) সকাল ৭টা ১৫ মিনিটে বিমানবন্দর থেকে গাড়িবহরটি যাত্রা শুরু করে। সেনাবাহিনীর পাশাপাশি এসআরবি, পুলিশ ও বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যরা নিরাপত্তায় রয়েছেন। বহরের সঙ্গে রাশিয়া থেকে আসা বিশেষজ্ঞ দলের সদস্যরাও রয়েছেন।

তিনটি লরিতে ইউরেনিয়াম এবং আরেকটি গাড়িতে অন্যান্য সরঞ্জাম নেওয়া হচ্ছে। বহর চলাচলের সময় নির্দিষ্ট কিছু সড়কে সাময়িকভাবে যান চলাচল বন্ধ রাখা হয়েছে। এতে কয়েকটি এলাকায় যানজটের সৃষ্টি হয়েছে।

এর আগে শুক্রবার (২ অক্টোবর) রাত সাড়ে ১১টার দিকে রূপপুরের প্রথম ইউনিটের জন্য ইউরেনিয়ামবাহী বিমানটি শাহজালাল বিমানবন্দরে পৌঁছায়। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তারা চালানটি গ্রহণ করেন।

পরিকল্পনা অনুযায়ী, নভেম্বর-ডিসেম্বরের মধ্যে আরও নয়টি ফ্লাইটে রূপপুরের প্রথম ইউনিটের জন্য ৪৮টি এবং দ্বিতীয় ইউনিটের জন্য ১৬৩টি ইউরেনিয়াম অ্যাসেম্বলি দেশে আসার কথা রয়েছে। এসব চালান রাশিয়া থেকে কাজাখস্তান, তুর্কমেনিস্তান, পাকিস্তান, আফগানিস্তান ও ভারত হয়ে বাংলাদেশে আসবে বলে জানিয়েছে পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

এবার ইউরেনিয়ামবাহী বিমানটি পাকিস্তানের আকাশসীমা ব্যবহার করেই বাংলাদেশে পৌঁছেছে। এর আগে কারিগরি সমস্যার কথা জানিয়ে আকাশসীমা ব্যবহারের অনুমতি দিতে দেরি করেছিল পাকিস্তান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র সাজ্জাদ হায়দার তখন আন্তর্জাতিক আইন ও বেসামরিক বিমান চলাচলের প্রটোকলের সঙ্গে সামঞ্জস্যের বিষয়টি উল্লেখ করেছিলেন।